



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা,
ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
<http://dpe.mymensinghdiv.gov.bd>



নম্বর: ৩৮.৪৫.০০০০.০০০.২৭.০৪১.২০.১০৩

তারিখ: ৯ মাঘ ১৪২৯
২৩ জানুয়ারি ২০২৩

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোহাম্মদ মাসুদুর রহমান, প্রধান শিক্ষক, সিংগাবরুনা সরকারি প্রাথমিক বিদ্যালয়, শ্রীবরদী, শেরপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা- ২০১৮-এর ৩ (খ) বিধি মোতাবেক অসদাচরণ এর অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করার ইচ্ছা পোষণ করার প্রেক্ষিতে গত ০৪/০৪/২০২১ খ্রি. তারিখ তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় ; এবং

যেহেতু, তাঁর লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় বিভাগীয় মামলাটি গুরুদন্ডের সম্ভাবনা থাকায় তদন্তের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার ৩০/১১/২০২২ খ্রি. তারিখ দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব মোহাম্মদ মাসুদুর রহমান, প্রধান শিক্ষক, সিংগাবরুনা সরকারি প্রাথমিক বিদ্যালয়, শ্রীবরদী, শেরপুর এর বিরুদ্ধে আনীত "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে ; এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদন , বিভাগীয় মামলা সংশ্লিষ্ট নথি ও অন্যান্য কাগজপত্রসহ প্রাসঙ্গিক বিষয় পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ২০১৮ ৩(খ) বিধি অনুসারে প্রমাণিত "অসদাচরণ" এর অভিযোগে একই বিধিমালা ৪(৩)(ঘ) বিধি মোতাবেক তাঁকে "চাকুরি হতে বরখাস্তকরণ" গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণক্রমে দ্বিতীয় কারণ দর্শনোর নোটিশ জারি করে ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে লিখিত জবাব প্রদানের নির্দেশ দেয়া হয়; এবং

যেহেতু, জনাব মোহাম্মদ মাসুদুর রহমান, প্রধান শিক্ষক, সিংগাবরুনা সরকারি প্রাথমিক বিদ্যালয়, শ্রীবরদী, শেরপুর গত ২৭/১২/২০২২ খ্রি. তারিখে ২য় কারণ দর্শনোর নোটিশের লিখিত জবাব দাখিল করেন; এবং


যেহেতু, তাঁর দাখিলকৃত ২য় কারণ দর্শনোর লিখিত জবাব সন্তোষজনক না হওয়ায় তাঁর সার্বিক দিক বিবেচনায় তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা- ২০১৮ এর ৪(২)(ঘ) বিধি মোতাবেক "বেতন গ্রেডে নিম্নতর ধাপে অবনমিতকরণ" লঘুদন্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোহাম্মদ মাসুদুর রহমান, প্রধান শিক্ষক, সিংগাবরুনা সরকারি প্রাথমিক বিদ্যালয়, শ্রীবরদী, শেরপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগনামা, ১ম কারণ দর্শনোর জবাব, ব্যক্তিগত শুনানির জবাব, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন, ২য় কারণ দর্শনোর জবাব এবং মামলা সংক্রান্ত রেকর্ডপত্রাদি পর্যালোচনাক্রমে বর্ণিত অসদাচরণ (Misconduct) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৪(২)(ঘ) বিধি অনুসারে "বেতন গ্রেডে নিম্নতর ধাপে অবনমিতকরণ" লঘুদন্ড প্রদান করা হলো। তাঁর বেতন গ্রেড ১১তম এবং বর্তমান মূল বেতন ১৭,৬২০/-

হতে ১৬,৭৮০/- টাকায় নির্ধারণ করা হলো। উক্ত দন্ডদেশ পরবর্তী ০২ (দুই) বছর পর্যন্ত বলবৎ থাকবে। বেতন অবনমিতকরণকাল বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনা করা হবে না। তবে দন্ডের মেয়াদ শেষ হওয়ার পর তিনি স্বয়ংক্রিয়ভাবে পূর্বে প্রাপ্ত বেতন ধাপে অর্থাৎ মূল বেতন ১৭,৬২০/- টাকায় প্রত্যাবর্তন করবেন। তিনি কোন বকেয়া প্রাপ্য হবেন না। তাঁর অননুমোদিত অনুপস্থিতিকাল ২১/১০/২০১৯ খ্রি. হতে ০৭/০১/২০২০ খ্রি.তারিখ পর্যন্ত বিনাবেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

...



২৩-১-২০২৩

মোহাম্মদ রকিব উদ্দিন

উপপরিচালক

ফোন: 02997710283

ইমেইল:

ddpmyen@gmail.com

নম্বর: ৩৮.৪৫.০০০০.০০০.২৭.০৪১.২০.১০৩/১(৭)

তারিখ: ৯ মাঘ ১৪২৯

২৩ জানুয়ারি ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

- ১) মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
- ২) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পরিচালক (পলিসি ও অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
- ৩) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, শেরপুর
- ৪) জনাব মো: শফিকুল ইসলাম, শিক্ষা কর্মকর্তা, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ (উক্ত প্রজ্ঞাপন অত্র কার্যালয়ের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
- ৫) উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিস, শ্রীবরদী, শেরপুর (উক্ত প্রজ্ঞাপন শিক্ষকের চাকুরি খতিয়ান বহিতে লিপিবদ্ধকরণের অনুরোধসহ)
- ৬) উপজেলা হিসাব রক্ষণ অফিসার, উপজেলা হিসাব রক্ষণ অফিসারের কার্যালয়, শ্রীবরদী, শেরপুর
- ৭) জনাব মোহাম্মদ মাসুদুর রহমান, প্রধান শিক্ষক, সিংগাবরুনা সরকারি প্রাথমিক বিদ্যালয়, শ্রীবরদী, শেরপুর